

# গল মাছি বা নলি মাছি

## আকৃতি ও জীবন বৃত্তান্ত

গল মাছি প্রধানত রোপা আমন ফসলের ক্ষতি করে থাকে। তবে, আবহাওয়া অনুকূল হলে আউশ ফসলেও আক্রমণ করতে পারে।

পূর্ণ বয়স্ক গল মাছি দেখতে একটা মশার মত, পেট উজ্জ্বল লাল রঙের। স্ত্রী গল মাছি পাতার নিচে বা খোলপাতার উপর একটি একটি করে ডিম পাড়ে। ডিম থেকে কীড়া ফুটতে ৩-৪ দিন লাগে। সদ্য ফোটা কীড়াগুলো মাঝখানের পাতার গোড়ায় খেতে থাকে। ফলে, মাঝখানের পাতাটি নলাকার বা গল হয়ে যায়। এই গলের ভিতরে কীড়া পুত্তলিতে পরিণত হয় এবং পুত্তলি থেকে পূর্ণ বয়স্ক গল মাছি বের হয়ে আসে। গল মাছির জীবন চক্র আড়াই থেকে তিন সপ্তাহ পর্যন্ত হতে পারে।



চিত্র: গল মাছি বা নলি মাছি

## ক্ষতি

- ▶ এ পোকাকার কীড়া ধান গাছের মাঝখানের পাতার ক্ষতি করে।
- ▶ শুধুমাত্র আমন মৌসুমে এই পোকাকার প্রাদুর্ভাব দেখা যায়।
- ▶ ধান গাছ কুশি অবস্থায় আক্রান্ত হয়। কাইচথোড় অবস্থায় গল মাছি গল সৃষ্টি করতে পারে না।
- ▶ এ পোকাকার ক্ষতির নমুনাকে বাংলায় পেঁয়াজপাতা এবং ইংরেজীতে সিলভার শট বলা হয়।



চিত্র: ক্ষতির নমুনা

## দমন ব্যবস্থাপনা

- ▶ আলোক ফাঁদের সাহায্যে পূর্ণ বয়স্ক পোকাকার মেরে ফেলা
- ▶ প্রয়োজনে কীটনাশক ব্যবহার করা। (তবে এক্ষেত্রে শতকরা ৫ ভাগ পেঁয়াজপাতা বা গল পাওয়া গেলেই শুধু কীটনাশক প্রয়োগের চিন্তা করা উচিত।)